

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২০৮-আইন/২০১৫/৮৫/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1), মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৪ এর বিধান অনুযায়ী অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার লক্ষ্য উক্ত আইনের ধারা ৮ অনুসারে নিয়োগপ্রাপ্ত ডেভেলপারকে অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন কাজে ব্যবহার্য পণ্য আমদানিতে উহার উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরী ডিউটি, সম্পূরক শুল্ক এবং মূল্য সংযোজন কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা : -

শর্তসমূহ

- (১) অর্থনৈতিক অঞ্চল ডেভেলপারকে মূল্য সংযোজন কর নিবন্ধিত হইতে হইবে;
- (২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানির ক্ষেত্রে পণ্যের নাম, বিবরণ, পরিমাণ সংক্রান্ত তথ্য অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) কর্তৃক অনুমোদিত ও প্রত্যয়িত হইতে হইবে;

তবে শর্ত থাকে যে, বাংলাদেশে সহজলভ্য এমন নির্মাণ সামগ্রী যথা, এমএস রড/বার, সিমেন্ট, প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং, আয়রন/স্টীল সীট আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না :

- (৩) অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন এবং নির্মানের সহিত সরাসরি সম্পৃক্ত নয় এরূপ কোন পণ্য যথাঃ- অফিস সরঞ্জামাদি, এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, যাত্রীবাহী যানবাহন, গৃহস্থালী-ব্যবহার্য দ্রব্যাদি এবং অনুরূপ অন্যান্য পণ্য আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মোঃ নজিরুর রহমান)
সচিব।